


প্রথম জেদনা  
২০/১১/৭২

সংক্ষিপ্ত...



## মঙ্গলে সূর্যগ্রহণ

মঙ্গলের মাটিতে সূর্যগ্রহণ। লাল গ্রহকে কেন্দ্র করে ঘুরপাক খাচ্ছে দুটি উপগ্রহ ফোবস ও ডেইমোস। ফোবস একটু একটু করে গ্রাস করছে সূর্যকে। সেই আধখাওয়া সূর্যের ছবি ধরা পড়ল কিউরিওসিটির ক্যামেরায়। এটিই মঙ্গল থেকে পাঠানো সূর্যগ্রহণের প্রথম ছবি। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা জানিয়েছে, কিউরিওসিটি ইতিমধ্যেই মঙ্গল থেকে আংশিক সূর্যগ্রহণের শত শত ছবি পাঠিয়েছে। ডেইমোস কীভাবে সূর্যকে গ্রাস করছে, তার ছবিও তোলার প্রস্তুতি নিয়েছে কিউরিওসিটি। তথ্য পাঠানোর সীমাবদ্ধতার কারণে আরও অনেক ছবি এখনো পৃথিবীতে এসে পৌঁছায়নি। টাইমস অব ইন্ডিয়া